দৈনিক বাংলা

70

তারিখ ... 28 MAR 1990 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...

১৩

# বিশ্ববিদ্যালয়গুলো গভীর সংকটে ভুগছেঃ প্রফেসর আমানুল্লাহ

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ২৭শে মার্চ।–বর্ণাঢ্য ও আনন্দঘন পরিবেশে আজ রাজশাহী বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত হয়। একঝাঁক পায়রা ও শত শত বেলুন উড়িয়ে সকালে বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর আমানুল্লাহ আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## প্রফেসর আমানুল্লাহ

প্রথম পৃঃ পর

প্রফেসর আমানুল্লাহ আহমেদ তাঁর দীর্ঘ বক্তৃতায় বাংলদেশের বিশ্ববিদ্যালয়–সমূহের শিক্ষার একটি চিত্র তুলে ধরেন। তিনি বলেন, দেশের বিশ্ব–বিদ্যালয়গুলো আজ গভীর সংকটে ভুগছে। শিক্ষার স্থান দখল করে নিচ্ছে মারণাস্ত্র। ক্যাম্পাসে লুটিয়ে পড়ছে সম্ভাবনাময় তরুণের লাশ। অথচ এই তরুণরাই আমাদের ভবিষ্যতের আশা–ভরসা।

প্রসেফর আমানুল্লাহ আহমেদ বলেন, ছাত্র সংগঠনগুলোর পারস্প–রিক মতের প্রতি শ্রদ্ধাবোধ এবং নিয়মতান্ত্রিক পদ্ধতিতে নিজ নিজ মতের বহিঃপ্রকাশ ঘটালেই হানাহানি, হিংস্রতা দূর হতে পারে।

শিক্ষকদের উদ্দেশ করে ভাইস–চ্যান্সেলর বলেন, উন্নত শিক্ষার পরি–বেশ সৃষ্টিতে ছাত্রদের উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করতে শিক্ষক সমাজকে দৃঢ় ভূমিকা পালন করতে হবে।

প্রো–ভিসি প্রফেসর আতফুল হাই জামি বলেন, পর্দার আড়ালের সন্ত্রাসকারীদের চিহ্নিত করতে না পারলে বিশ্ববিদ্যালয়ে শান্তি প্রতিষ্ঠা সম্ভব নয়।

বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ক্যাম্পাসে সারাদিনব্যাপী অনুষ্ঠান–মালার আয়োজন করা হয়। শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে দিবসের কর্মসূচী শুরু হয়।